British Heart Foundation

# ইসিজি

**এই পৃষ্ঠায় কী আছে?**

- ইসিজি করার সময় কী হয়?
- ইসিজি করতে কত সময় লাগে?
- ইসিজিতে কী দেখতে পাওয়া যায়?
- বিভিন্ন ধরনের ইসিজি পরীক্ষা
- 24-ঘন্টা ইসিজি রেকর্ড করার সময় কী হয়?
- কার্ডিয়াক ইভেন্ট রেকর্ডার [হৃদস্পন্দনের গতি ও রিদম রেকর্ড করার যন্ত্র]

ইলেক্ট্রোকার্ডিওগ্রাম, বা ইসিজি হলো হার্টের একটি সহজ ও দরকারি পরীক্ষা - যা আপনার হার্টের রিদম [ছন্দ], স্পন্দনের গতি ও হার্টের বৈদ্যুতিক কার্যকলাপ রেকর্ড করে।

## ইসিজি করার সময় কী হয়?

ইলেক্ট্রোড নামক দশটি ছোট স্টিকি [ত্বকে লেগে থাকা] প্যাচ আপনার বাহুতে, পায়ে এবং বুকে লাগানো হয়। এগুলো ইসিজি মেশিনের সাথে তার [ওয়্যার] দিয়ে সংযুক্ত থাকে, অতপর এই ইসিজি মেশিন আপনার হার্ট বিটের ফলে সৃষ্টি হওয়া বৈদ্যুতিক সংকেতগুলো গ্রহণ করে। এই বৈদ্যুতিক কার্যকলাপ রেকর্ড করা হয়, এবং তারপর কাগজে ছাপা হয়ে বের হয়ে আসে।

## ইসিজি করতে কত সময় লাগে?

পুরো পরীক্ষাটি করতে কয়েক মিনিট সময় লাগে এবং এটি সম্পূর্ণ ব্যথাহীন। আপনি স্থির হয়ে শুয়ে থাকবেন, কারণ নড়াচড়া করলে ফলাফল প্রভাবিত হতে পারে।

## ইসিজিতে কী দেখতে পাওয়া যায়?

ইসিজি আপনার হৃদস্পন্দনের গতি বা হার্টের রিদমে সমস্যা খুঁজে পেতে সাহায্য হয়। আপনার কোনো হার্ট অ্যাটাক হচ্ছে কিনা বা অতীতে আপনার হার্ট অ্যাটাক হয়েছে কিনা, তা ইসিজির মাধ্যমে ডাক্তার বুঝতে পারেন।

সাধারণত আপনার হার্টের পরীক্ষাগুলোর মধ্যে ইসিজি হলো হার্টের প্রথম পরীক্ষা। এই ইসিজি পরীক্ষার কিছু সীমাবদ্ধতা আছে, তাই আপনার জন্য এক বা একাধিক অন্যান্য পরীক্ষাও থাকবে। ইসিজির একটি অস্বাভাবিক রিডিং [পাঠ] পাওয়া গেলেও, এর অর্থ এই নয় যে, আপনার হার্টের কোনো সমস্যা আছে।

# বিভিন্ন ধরনের ইসিজি পরীক্ষা

## এক্সারসাইজ [ব্যায়ামরত অবস্থায়] ইসিজি

আপনি যখন একটি ট্রেডমিলে হাঁটতে থাকেন বা ব্যায়াম করার বাইক [সাইকেল] চালাতে থাকেন, তখন একটি ইসিজি আপনার হার্টের ক্রিয়াকলাপ রেকর্ড করে। এই পরীক্ষার উদ্দেশ্য হলো যে, আপনি যখন অধিকতর সক্রিয় [একটিভ] থাকেন, তখন আপনার হার্ট কীভাবে কাজ করে, তা দেখা।

## 24-ঘন্টা ইসিজি রেকর্ড করা

এই 24-ঘন্টা ইসিজি রেকর্ডকে হোল্টার মনিটরিং বা অ্যাম্বুলেটরি ইসিজি মনিটরিংও বলা হয়, এর মধ্যে 24 থেকে 48 ঘন্টা, মাঝে মাঝে দীর্ঘ সময়ের জন্য আপনার হার্টের বৈদ্যুতিক কার্যকলাপ ক্রমাগত রেকর্ড করা হয়। এটি অ্যাট্রিয়াল ফাইব্রিলেশনের মতো রোগ নির্ণয় করতে সাহায্য করতে পারে অথবা যে বুক ধড়ফড়ানি সব সময় হয় না, সেই ক্ষেত্রে বুক ধড়ফড়ানির কারণ উদঘাটনে সাহায্য করতে পারে।

## 24-ঘন্টা ইসিজি রেকর্ড করার সময় কী হয়?

- আপনার বুকে ইলেক্ট্রোড লাগানো থাকবে এবং এর সাথে সংযুক্ত তারগুলো টেপ লাগিয়ে নিরাপদে রাখা হবে।
- আপনি আপনার কোমরের বেল্টের উপর বহনযোগ্য ছোট একটি রেকর্ডার পরবেন, যেটিতে তার লাগানো থাকবে।
- আপনি যখন ইসিজি রেকর্ডার পরে থাকবেন, তখন গোসল করা ছাড়া সাধারণত যা যা করেন, তার সবই করতে পারবেন।
- এটি নিরাপদ এবং সম্পূর্ণ ব্যথাহীন, কিন্তু কিছু কিছু ইলেক্ট্রোড খুব আঠালো হতে পারে, তাই আপনার ত্বক সংবেদনশীল হলে, টিমকে অবহিত করুন।
- পরীক্ষা শেষ হলে, আপনি রেকর্ডারটি হাসপাতালে ফিরিয়ে দেবেন, যাতে রেকর্ডকৃত ফলাফল বিশ্লেষণ করা যায়।

## কার্ডিয়াক ইভেন্ট রেকর্ডার [হৃদস্পন্দনের গতি ও রিদম রেকর্ড করার যন্ত্র]

আপনার যদি এমন কোনো উপসর্গ থাকে - যা ঘন ঘন হয় না, তখন আপনার ডাক্তার একটি কার্ডিয়াক ইভেন্ট রেকর্ডার বা একটি ইমপ্লান্টেবল [শরীরের অভ্যন্তরে বসানো] লুপ রেকর্ডার (এটি ILR [আইএলএর] নামেও পরিচিত) ঢোকানোর পরামর্শ দিতে পারেন। এটি দীর্ঘ সময় ধরে হার্টের কার্যকলাপ রেকর্ড করে বা যখনই উপসর্গ দেখা দেয়, তখনই হার্টের কার্যকলাপ রেকর্ড করে।

আপনার বুকের ত্বকের নীচে ছোট অস্ত্রোপচার করে একটি ILR স্থাপন করা হয়, যা লোকাল অ্যানাসথেটিকের [স্থানীয় চেতনানাশক] অধীনে করা হয়। আইএলআর [ILR] ক্রমাগত তিন বছর পর্যন্ত আপনার হৃদস্পন্দন মনিটর করতে পারে এবং আপনার অনুভূত উপসর্গের কারণ খুঁজে বের করতে সাহায্য করতে পারে, যেমন মাথা ঘোরা বা ব্ল্যাকআউট [সাময়িক চেতনাহীন হওয়া]।

যেসব লোকের উপসর্গ আছে, কিন্তু স্ট্যান্ডার্ড ইসিজি বা হোল্টার মনিটরের মাধ্যমে তাদের উপসর্গের কারন নির্ণয় যায় না, তাদের জন্য এটি বিশেষভাবে উপযোগী। ।

## আপনি আমাদের স্বাস্থ্য সম্পর্কিত তথ্য বিশ্বাস করতে পারেন

উল্লেখিত বিষয়বস্তু নির্ভরযোগ্য, নির্ভুল ও বিশ্বাসযোগ্য হওয়া নিশ্চিত করার জন্য আমরা আটটি-ধাপের প্রক্রিয়া অনুসরণ করেছি।

Trusted Information Creator
Patient Information Forum

bhf.org.uk

© ব্রিটিশ হার্ট ফাউন্ডেশন 2024, ইংল্যান্ড ও ওয়েলসে (225971) এবং স্কটল্যান্ডে (SC039426) নিবন্ধিত চ্যারিটি সংস্থা

ব্রিটিশ হার্ট ফাউন্ডেশনের সাথে অংশীদারিত্বের ভিত্তিতে রয়্যাল মেইল এই অনুবাদ কাজটি করতে সহায়তা করেছে।